উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট।
উপজেলা " যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত স্থায়ী কমিটির" সভার কার্যবিবরণী:

সভাপতি	: মো: জাহিরুল ইসলাম ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
সভার স্থান	: সভাপতি মহোদয়ের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ।
সভার তারিখ ও সময়	: ০৬/০৬/২০২২খ্রি: দুপুর-১২:০০ঘটিকা।
সভার উপস্থিত সদস্যবৃন্দ	: পরিশিষ্ট-ক

অদ্য ০৬/০৬/২০২২খ্রি: তারিখ দুপুর১২:০০ঘটিকায় উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত স্থায়ী কমিটির এক সভা উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভা পরিচালনার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।

১। আলোচনা ও সিদ্ধান্ত: সভায় উপজেলা প্রকৌশলী জানান ২০২২-২৩ অর্থ বছরে জিওবি রক্ষণাবেক্ষণ খাতের আওতায় উপজেলার দক্ষিণ ফেঞ্চুগঞ্জ বাজার (মাইজগাঁও রেল ক্রসিং)-ঘিলাছড়া জি.সি রোড এর মাইজগাঁও রেল ক্রসিং এর সামনে থেকে বিয়ালীবাজার মোড় পর্যন্ত অংশের রক্ষণাবেক্ষণ কাজের প্রাক্কলণসহ প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তার বক্তব্যের সূত্র ধরে ০২নং মাইজগাঁও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেন রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ এবং রাস্তা দিয়ে প্রতিদিন শত শত ব্যক্তি এবং পরিবহন চলাচল করে। বর্তমানে রাস্তাটির বিভিন্ন অংশ সাম্প্রতিক বন্যায় অত্যন্ত ক্ষতিগ্রস্থ হয়েছে। তাই রাস্তাটি জরুরী মেরামতের অনুরোধ জানান।

২। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় প্রস্তাবিত প্রকল্পটি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগীতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/৬/২২

(মো: জাহিরুল ইসলাম)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত কমিটি
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

স্মারক নং:-৪৬০২.১১৩৫.০০০.২৯.০০১.২২-৪১০ তারিখ ১৩/০৭/২০২১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ:

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ,সিলেট।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
৪। চেয়ারম্যান .....ইউপি(৫)জন ফেঞ্চুগঞ্জ, সিলেট।
৫। অফিস নথি।

০৫/০৬/২২

(সুদর্শন সরকার)
উপজেলা প্রকৌশলী
ও
সদস্য সচিব
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত কমিটি
ফেঞ্চুগঞ্জ, সিলেট।